



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর সদর, শেরপুর।



স্মারক নং- ০৫.৪৫.৮৯০০.০০০.০০.০০০.২১-

তারিখ : ২১/১১/২০২১খ্রি:।

বিষয় : শেরপুর সদর উপজেলার, লছমনপুর ইউনিয়নের, খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার জনাব মোঃ আব্দুল হাই ও রৌহা ইউনিয়নের, খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার জনাব মোঃ সাইফুজ্জামান সোহেল এর পরিবর্তে পার্শ্ববর্তী ডিলারের মাধ্যমে সাময়িকভাবে নভেম্বর/২১মাসে উপকারভোগী ভোক্তার মাঝে চাল বিক্রয় করণ প্রসঙ্গে।

খাদ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে কার্ডধারী হতদরিদ্র ভোক্তার মাঝে ২০২১-২২ অর্থ বছরের প্রথম প্রান্তিকের সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর-২০২১ মাসের শেরপুর সদর উপজেলায় ৩৭ জন ডিলারের মাধ্যমে চাল বিক্রয় কার্যক্রম চলমান আছে। গত ১১/১১/২০২১খ্রি: তারিখে সদ্য সমাপ্ত ইউনিয়ন পরিষদ নির্বাচনে লছমনপুর ইউনিয়নের ডিলার মোঃ আব্দুল হাই ও রৌহা ইউনিয়নের ডিলার, মোঃ সাইফুজ্জামান সোহেল চেয়ারম্যান পদে নির্বাচিত হওয়ায় তাহারা খাদ্যবান্ধব নীতিমালা-২০১৭ মোতাবেক ডিলারী কায়দা পরিচালনা করিতে পারবেন না। বর্তমানে বর্ণিত ২(দুই) জন ডিলারের বিক্রয় কেন্দ্রের নভেম্বর-২১ মাসে উপকারভোগীদের মাঝে চাল বিতরণের বাকী আছে যা জরুরী ভিত্তিতে চলতি মাসের মধ্যে বিতরণ করা প্রয়োজন। উক্ত ২(দুই)টি বিক্রয় কেন্দ্রের কার্ডধারী ভোক্তার চাল প্রাপ্তির বিষয়টি বিবেচনায় নিয়ে খাদ্যবান্ধব নীতিমালা-২০১৭ অনুচ্ছেদ-৮ এর উপ-অনুচ্ছেদ ৮.৩ মোতাবেক লছমনপুর ও রৌহা ইউনিয়নের চাল বিক্রয় কার্যক্রমে নিয়োজিত পার্শ্ববর্তী ডিলার এর মাধ্যমে সাময়িকভাবে সংশ্লিষ্ট বিক্রয় কেন্দ্রের স্থায়ীত্বপ্রাপ্ত তদারকি কর্মকর্তার প্রত্যক্ষ উপস্থিতিতে নিম্নবর্ণিত ডিলারগণকে উপকারভোগীদের মাঝে চাল বিক্রয় কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ক্রম	ইউনিয়নের নাম	ডিলারের নাম	দোকানের অবস্থান	ভোক্তার সংখ্যা	তদারকি কর্মকর্তার নাম ও পদবী
১	লছমনপুর	মোঃ মোশারফ হোসেন মোবাইল নম্বর-০১৯২৫-৬০৫৭৭০	জামতলী মোড় লছমনপুর	৬৪০জন	জনাব, মোঃ আব্দুল মালেক উপ-সহকারী কৃষি কর্মকর্তা, লছমনপুর ইউনিয়ন, মোবাইল-০১৯৩৮-৮২৩৯৬০
২	রৌহা	মোঃ সরুয়ার জাহান মোবাইল নম্বর-০১৭২৬-৭১৮০২২	আমতলা বাজার, রৌহা	৫৬১জন	জনাব, মোঃ আঃ রাজ্জাক উপ-সহকারী কৃষি কর্মকর্তা, রৌহা ইউনিয়ন, মোবাইল -০১৫৫৮-৪৯৫৬৯৯

তদারকি কর্মকর্তাদের জন্য নির্দেশাবলী :

- ডিলারগণের উত্তোলিত চাল, মজুদ ও বিক্রয় রেজিস্টার যাচাই করে পরিমাণ নিশ্চিত হয়ে বিক্রির অনুমতি দিবেন।
- নির্ধারিত সময়ে দোকান খোলা ও বন্ধ নিশ্চিত করা এবং আগত ভোক্তার কার্ড যাচাই সহ সার্বক্ষণিক চাল বিক্রয় তদারকি করবেন।
- ডিলারগণের বিক্রীত খাদ্য শস্যের মাষ্টার রোল সঠিক নিশ্চিত হয়ে স্বাক্ষর করে পরবর্তী মাসের চাহিদা পত্রে সুপারিশ করবেন।
- কোন প্রকার অনিয়ম পরিলক্ষিত হলে সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও স্বাক্ষরকারীর বরাবরে অবহিত করবেন।

প্রাপক : জনাব মোঃ মোশারফ হোসেন/ মোঃ সরুয়ার জাহান
খাদ্যবান্ধব ডিলার লছমনপুর ও রৌহা ইউনিয়ন শেরপুর সদর, শেরপুর।

(মেহনাজ ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর সদর, শেরপুর।

স্মারক নং- ০৫.৪৫.৮৯৮৮.০০০.০০.০০০.২১-৭১৬

তারিখ : ২১/১১/২০২১ খ্রি:।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- মাননীয় জাতীয় সংসদ সদস্য, শেরপুর-১, প্রধান উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, শেরপুর সদর, শেরপুর।
- জেলা প্রশাসক, শেরপুর।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর।
- উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, শেরপুর সদর, শেরপুর।
- ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) উপজেলা পরিষদ, সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, শেরপুর সদর, শেরপুর।
- উপজেলা কৃষি কর্মকর্তা, সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, শেরপুর সদর, শেরপুর।
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদস্য সচিব, উপজেলা খাদ্য বান্ধব কমিটি, শেরপুর সদর, শেরপুর।
- চেয়ারম্যান, লছমনপুর/রৌহা ইউনিয়ন পরিষদ ও সভাপতি ইউনিয়ন খাদ্যবান্ধব তালিকা প্রণয়ন কমিটি, শেরপুর সদর, শেরপুর।
- জনাব উপ-সহকারী কৃষি কর্মকর্তা তথা তদারকি কর্মকর্তা লছমনপুর ইউনিয়ন/রৌহা ইউনিয়ন, শেরপুর সদর।
- অফিস কপি।

(স্বাক্ষর)
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর সদর, শেরপুর।